# ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

## মূলমন্ত্র (Motto)

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর কর্মকান্ড সুষ্ঠুভাবে পরিচালনার জন্য তিনটি আদর্শবানী বা মূলমন্ত্রকে অনুসরণ করে। যথা- ১। গতি ২। সেবা এবং ৩। ত্যাগ

## রুপকল্প (Vision)

"অগ্নিকান্ডসহ সকল দূর্যোগ মোকাবিলা ও নাগরিক সুরক্ষা নিশ্চিতকরণের মাধ্যমে এশিয়ার অন্যতম শ্রেষ্ঠ প্রতিষ্ঠান হিসেবে সক্ষমতা অর্জন"।

("To acquire competency as one of the leading fire fighting and disaster management organization in Asia.")

## অভিলক্ষ্য (Mission)

"দূর্যোগ-দূর্ঘটনায় জীবন ও সম্পদ রক্ষার মাধ্যমে নিরাপদ বাংলাদেশ গড়ে তোলা"।

("To protect and save lives and property for a safe and secured Bangladesh")

# সিটিজেন চার্টার

**অগ্নিকান্ড বা দূর্ঘটনার উদ্ধার ও আহত সেবা পাবার উপায়ঃ**

১। দূর্ঘটনার সাথে সাথে নিকটস্থ ফায়ার স্টেশন বা কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষে দূর্ঘটনার সংবাদ প্রদান করতে হবে।

২। সংবাদ প্রাপ্তির সাথে সাথে ফায়ার কর্মীগণ সাজ-সরঞ্জামাদিসহ দূর্ঘটনাস্থলে গমন করেন।

৩। যে কোন দূর্যোগে ১৬১৬৩ ডায়াল করলেই এ সেবা পাওয়া যায়। এছাড়া নিকটস্থ ফায়ার স্টেশনের নম্বর সংগ্রহ করুন।

৪। জরুরী সেবা ৯৯৯ ডায়াল করলেই পাওয়া যায়।

৫। উল্লেখিত সেবা সংক্রান্ত কোন অভিযোগ থাকলে নিম্নলিখিত নম্বর যোগাযোগ করুনঃ

| | |
|---|---|
| উপ পরিচালক, ঢাকা বিভাগ, ঢাকা | ০২২২৩৩৮৯৫৪৫ |
| উপ পরিচালক, রংপুর বিভাগ, রংপুর | ০২৫৮৯৯৬২২২৪ |
| উপ পরিচালক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম | ০৩১৭১৩২৯৩ |
| উপ পরিচালক, রাজশাহী বিভাগ, রাজশাহী | ০৭২১৭৭২১৫৭ |
| উপ পরিচালক, বরিশাল বিভাগ, বরিশাল | ০৪৩১২১৭৩১৩৬ |
| উপ পরিচালক, খুলনা বিভাগ, খুলনা | ০২৪৭৭৭০০৪৮২ |
| উপ পরিচালক, সিলেট বিভাগ, সিলেট | ০২৯৯৬৬৪৩৩৯২ |
| উপ পরিচালক, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ | ০৯১৬৫৯৯৯ |

## ফায়ার লাইসেন্স (অগ্নি-দূর্ঘটনা প্রতিরোধমূলক পরামর্শ সেবা) পাবার উপায়ঃ

১। স্থানীয় উপ সহকারী পরিচালক, বরাবর ফায়ার সার্ভিসের নির্ধারিত ফরম পূরণ পূর্বক নিম্ন বর্ণিত কাগজপত্রসহ আবেদন করতে হবে।

- (ক) ট্রেড লাইসেন্স।
- (খ) প্রতিষ্ঠানের নিজস্ব ভবনে ব্যবসা পরিচালনা হলে পৌরসভা কর্তৃক প্রতিষ্ঠানের স্থাবর/অস্থাবর সম্পত্তিত বার্ষিক মূল্যায়ন পত্র।
- (গ) ভাড়া বাড়িতে ব্যবসা হলে ভাড়ার চুক্তিপত্র।
- (ঘ) রাজউক/পৌরসভা কর্তৃক অনুমোদিত স্থাপনার নকশা।
- (ঙ) প্রতিষ্ঠানটি লিমিটেড কোম্পানি হলে Memorandum of Articles (certificate of Incorporation)
- (চ) প্রতিষ্ঠান সংক্রান্ত স্থানীয় প্রতিনিধি কর্তৃক অনাপত্তি সনদ।
- (ছ) বহুতল বা বানিজ্যিক ভবন হলে ফায়ার সার্ভিসের ছাড়পত্র।
- (জ) গার্মেন্টস প্রতিষ্ঠানের ক্ষেত্রে ফায়ার সার্ভিস নির্ধারিত তথ্য বিবরণী।

২। আবেদন প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অধিদপ্তর কর্তৃক নিয়োজিত পরিদর্শকের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়।

৩। পরিদর্শনের পর অগ্নি প্রতিরোধমূলক পরামর্শ প্রদান করা হয়।

৪। পরামর্শ মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহন করার পর পুনরায় পরিদর্শন করা হয়।

৫। পরিদর্শন যুক্তি সংগত ভাবে সন্তোষজনক হলে সর্বোচ্চ ৯০ দিনের মধ্যে লাইসেন্স প্রদান করা হয়।

৬। যুক্তি সংগত কারণে লাইসেন্স প্রদানের বিষয়ে সন্তুষ্ট না হলে মহাপরিচালক লাইসেন্স আবেদন প্রাপ্তির ১২০ (একশত বিশ) দিনের মধ্যে আবেদনকারীকে শুনানীর সুযোগ প্রদান করবেন।

৭। মহাপরিচালকের নিকট হতে ক্ষমতা প্রাপ্ত কোন কর্মকর্তার কোন সিদ্ধান্তে কোন ব্যাক্তি বা প্রতিষ্ঠান সংক্ষুব্ধ হলে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিষয়টি পুনঃ বিবেচনার জন্য মহাপরিচালকের নিকট আবেদন করবেন।

৮। উক্ত আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মহা পরিচালক সিদ্ধান্ত গ্রহন করবেন।

৯। উক্ত বিষয়ে মহাপরিচালকের সিদ্ধান্তে সংক্ষুব্ধ ব্যক্তি বা প্রতিষ্ঠান নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে সরকারের নিকট আপিল করতে পারবেন।

১০। আপিল প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে সরকার তৎসম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করবেন।

**জরুরী হটলাইন:**

FIRE SERVICE HELP DESK 16163

## বহুতল বানিজ্যিক ভবনের ছাড়পত্রঃ

১। অগ্নি প্রতিরোধ নির্বাপন আইন ২০০৩ এর ৭ ধারা অনুসারে অনূর্দ্ধ ৭ তলা ভবনের বা বানিজ্যিক ভবনের অগ্নি প্রতিরোধমূলক ছাড়পত্র প্রদান করা হয়।

২। স্থানীয় কর্তৃপক্ষের মাধ্যমে বা সরাসরি মহাপরিচালক বরাবর সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান আবেদন করবেন।

৩। আবেদনের সাথে ভবনের নকশা বা দলিল প্রদান করবেন।

৪। অতঃপর অত্র অধিদপ্তর কর্তৃক মনোনীত পরিদর্শক ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট ভবন পরিদর্শন করেন।

৫। পরিদর্শনের পর অগ্নি প্রতিরোধমূলক পরামর্শ প্রদান করা হয়।

৬। পরামর্শ মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহন করলে শর্তসাপেক্ষে পরবর্তী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে ছাড়পত্র প্রদান করা হয়।

৭। পরিদর্শন যুক্তিসংগত কারণে সন্তোষজনক না হলে ভবন ব্যবহারের অনুপযোগী মর্মে মহাপরিচালক ঘোষনা করতে পারেন।

৮। ভবনের ব্যবহারের অনুপযোগী ঘোষনার কারণে কোন ব্যাক্তি সংক্ষুদ্ধ হলে তিনি উক্তরুপ ঘোষনার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট আপিল করতে পারবেন।

৯। উক্ত আপিল প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে সরকার চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহনের করবেন।

## এ্যাম্বুলেন্স সার্ভিসঃ

১। অত্র অধিদপ্তর স্থানীয়ভাবে বা আন্তঃ জেলা পর্যায় রোগী পরিবহনের নিমিত্তে জনসাধারনের জন্য এ্যাম্বুলেন্স সার্ভিস প্রদান করে থাকে।

২। এ্যাম্বুলেন্স সার্ভিসের আওতায় রোগীকে বাসা হতে হাসপাতাল, হাসপাতাল হতে বাসায় এবং দূর্ঘটনার স্থান হতে হাসপাতালে স্থানান্তর করা হয়।

৩। এ সেবার জন্য স্থানীয় পর্যায়ে বা পৌর এলাকায় ফোনের বা বার্তাবাহকের মাধ্যমে এ্যাম্বুলেন্স কল গ্রহন করা হয়।

৪। আন্তঃ জেলা পর্যায়ে বা দূরবর্তী কলের ক্ষেত্রে রোগী পরিবহনের নির্ধারিত ফরম পুরণপূর্বক পূর্ব অনুমোদন নিতে হয়।

৫। রোগী পরিহনের জন্য ভাড়ার হার নিম্নরুপঃ

**(ক)** দেশের সকল মেট্রোপলিটন শহর এলাকাসহ সকল পৌর এলাকায় ১ মাইল/১ কিলোমিটার হতে ৫ মাইল/৮ কিলোমিটার ১০০/- (একশত) টাকা।

**(খ)** ৫ মাইলের উর্দ্ধে হতে ১০ মাইল অথবা ৮ কিলোমিটার হতে ১৬ কিলোমিটার পর্যন্ত প্রতিকল ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা।

**(গ)** দূরবর্তী/আন্তঃ জেলা কলের ক্ষেত্রে প্রতি কিলোমিটার ৯ (নয়) টাকা।

৬। এ্যাম্বুলেন্স সার্ভিসের আওতায় লাশ এবং সংক্রামক ব্যাধির রোগী বহন করা হয় না।

**এ্যাম্বুলেন্স সার্ভিসের আওতায় লাশ এবং সংক্রামক ব্যাধির রোগী পরিবহন করা হয় না অগ্নি প্রতিরোধমূলক মহড়া, পরামর্শ ও প্রশিক্ষণ সেবাঃ**

১। উক্ত সেবা গ্রহনের জন্য স্থানীয় কর্তৃপক্ষের মাধ্যমে বা সরাসরি মহাপরিচালক বরাবর আবেদন করতে হয়।

২। আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অত্র অধিদপ্তর আর্থিক সংশেষ ও অন্যান্য শর্তবলীসহ প্যাকেজ প্রস্তাব প্রেরন করে।

৩। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান উক্ত শর্তপালনে সম্মত হলে অত্র অধিদপ্তরের মনোনীত কর্মকর্তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সহিত প্রয়োজনীয় সমন্বয়সাধন পূর্বক নিম্নলিখিত সেবা প্রদান করে থাকে।

ক) অগ্নি প্রতিরোধ ও নির্বাপন বিষয়ে পরামর্শ প্রদান।

খ) অগ্নি প্রতিরোধ ও নির্বাপন বিষয়ে প্রশিক্ষণ প্রদান।

গ) অগ্নি প্রতিরোধ ও নির্বাপন বিষয়ে মহড়া পরিচালনা।

## "দুর্ঘটনা, দুর্যোগে সবার আগে সবার পাশে"